# Times Today BD

জেলা প্রতিনিধি | ঢাকা | 29 May, 2025

বঙ্গোপসাগরে সৃষ্ট লঘুচাপের প্রভাবে মুন্সীগঞ্জে সকাল থেকেই থেমে থেমে গুঁড়ি গুঁড়ি বৃষ্টি হচ্ছে। সঙ্গে বইছে দমকা হাওয়া।

বৃহস্পতিবার (২৯ মে) সকাল থেকে হঠাৎ এমন আবহাওয়ায় জনজীবনে নেমে এসেছে স্থবিরতা।

বৃষ্টির কারণে শহরের ব্যস্ত সড়কগুলো হয়ে পড়েছে ফাঁকা।প্রয়োজন ছাড়া কেউ ঘর থেকে বের হচ্ছে না। যারা বের হয়েছে তারা ছাতা ও রেইনকোট ব্যবহার করে গন্তব্যে পৌঁছাতে চেষ্টা করছে। তবে যানবাহনের সংখ্যা ছিল তুলনামূলক ভাবে কম।

বেশি দুর্ভোগে পড়েছেন খেটে খাওয়া দিনমজুর, রিকশাচালক ও ফুটপাতের ব্যবসায়ীরা। সকালে শহরের সুপার মার্কেট চত্বর এলাকায় দেখা যায়, অনেক অটো রিকশাচালক অলস বসে সময় কাটাচ্ছেন।অটো রিকশাচালক আলিম (২০) বলেন, সকালে বের হইছি অটো রিকশা নিয়ে, কিন্তু যাত্রী নাই।বৃষ্টি আর ঠান্ডা বাতাসে কেউ রাস্তায় বের হচ্ছে না।সকাল থেকে এখন পর্যন্ত ঠিকমতো ভাড়া পাইনি।বৃষ্টির দিনে ঘরে বসে থাকলে তো পেট চলবে না, তাই নামছি রাস্তায়।

কাপড় বিক্রেতা নাজমুল হোসেন বলেন, এই রকম আবহাওয়ায় ক্রেতা আসে না বললেই চলে। বৃষ্টির কারণে দোকান খুলেও বসে থাকতে হচ্ছে।সকাল থেকে বিক্রিয় করতে পারিনি।কষ্টের মধ্যে আছি।

চা বিক্রেতা  মানিক বলেন, সকাল থেকে বৃষ্টি হচ্ছে। দোকানে কেনা-বেচা খুবই কম। তবু দোকান খুলে বসে থাকি, যদি কিছু বেচা যায়।

এদিকে শহরের নিচু এলাকাগুলোতে কোথাও কোথাও পানি জমে গেছে।কাদা ও ভেজা রাস্তায় চলাচলে ভোগান্তিতে পড়ছেন সাধারণ মানুষ।

লঘুচাপ বৃষ্টি

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:32

URL: https://www.timestodaybd.com/dhaka/7758073124